

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৫]

পর্ব-৪: গোসল ও তায়াম্মুম (كتاب الغسل والتيمم)

পরিচ্ছেদঃ ২৭: সালাত আদায়ের পর যে পানি পেয়ে গেল তার তায়াম্মুম

باب التيمم لمن يجد الماء بعد الصلاة

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ، عَنْ لَيْثِ بْنِ سَعْدٍ، قال: حَدَّثَنِي عَمِيرَةُ، وَغَيْرُهُ، عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، أَنَّ رَجُلَيْنِ، وَسَاقَ الْحَدِيثَ.

تخریج دارالدعوه: انظر ما قبله (صحیح)

أخبرنا محمد بن عبد الأعلى أنبأنا أمية بن خالد حدثنا شعبة أن مخارقا أخبرهم عن طارق بن شهاب أن رجلا أجنب فلم يصل فأتى النبي صلى الله عليه وسلم فذكر ذلك له فقال أصبت . فأجنب رجل آخر فتيمم وصلى فأتاه فقال نحوا مما قال للآخر يعني أصبت .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٣٢٥ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 434 _

বাংলা

৪৩৪. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) 'আত্বা ইবনু ইয়াসার (রাঃ) হতেও এরূপ হাদীস বর্ণিত হয়েছে। ৪৩৪/ক. মুহাম্মাদ ইবনু 'আবদুল আ'লা (রহ.) ত্বারিক ইবনু শিহাব (রাঃ) হতে বর্ণিত যে, এক ব্যক্তি অপবিত্র



হওয়ায় সালাত আদায় করল না, সে ব্যক্তি নবী (সা.)-এর নিকট এসে তা ব্যক্ত করল, তিনি বললেন, তুমি ঠিকই করেছ। অন্য এক ব্যক্তি অপবিত্র হয়ে তায়াম্মুম করে সালাত আদায় করল। তাকেও তিনি ঐ কথাই বললেন, যা অন্য ব্যক্তিকে বলেছিলেন অর্থাৎ তুমি ঠিকই করেছ।

English

27. Tayammum For One Who Finds Water After Praying

It was narrated from 'Ata' bin Yasar that two men - and he quoted the Hadith.

It was narrated from Tariq bin Shaihab that a man became Junub and did not pray. He came to the Prophet (ﷺ) and told him about that, and he said: You did the right thing. Then another man became Junub so he performed Tayammum and prayed. He came (to the Prophet (ﷺ)) who said to him what he had said to the other man- meaning, You did the right thing.

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৩৩৯। ৪৩৪/ক সহীহ: ইমাম নাসায়ী হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন। [দ্রঃ ৩২৪]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন